# স্বাধীন ভোট নিশ্চিত করতে হবে দেশের উন্নয়নের জন্য: তারেক রহমান




সংগৃহীত ছবি

এখন দেশের পুনর্গঠনের পালা। মানুষ যেন স্বাধীনভাবে ভোট দিতে পারে, তা নিশ্চিত করতে হবে,” বলেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

ঢাকা-১৭ আসনের ভাসানটেকের বিআরবি স্কুল মাঠে শুক্রবার (২৩ জানুয়ারি) অনুষ্ঠিত জনসভায় তিনি বলেন, দেশের বিভিন্ন সেক্টর ধ্বংসপ্রাপ্ত। প্রতিষ্ঠানগুলো পুনর্নির্মাণ এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা অপরিহার্য।

তারেক রহমান দেশের সুশাসন, কর্মসংস্থান বৃদ্ধি, দক্ষ শ্রমিক ও খেলোয়াড় তৈরি এবং ফ্যামিলি ও কৃষক কার্ড বিতরণের প্রতিশ্রুতি দেন। ফ্যামিলি কার্ডের মাধ্যমে চার কোটি পরিবারকে সুবিধা দেওয়ার ঘোষণা দেন এবং বিএনপি প্রার্থীর জয় নিশ্চিত করার আহ্বান জানান।

নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, “অতীতে ধানের শীষ যতোবার নির্বাচিত হয়েছে, দেশের উন্নয়ন ততোবার নিশ্চিত হয়েছে। এবার সমগ্র বাংলাদেশে ধানের শীষকে বিজয়ী করতে হবে।”

তিনি আরও বলেন, দেশের উন্নয়নের জন্য জনগণের অংশগ্রহণ অপরিহার্য। ভোটের মাধ্যমে পরিবর্তন আনতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।